



জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি সেন্ট্রাল স্টুডেন্টস' ইউনিয়ন (জাকসু) নির্বাচন ২০২৫- এর চূড়ান্ত  
হালনাগাদ ভোটার তালিকা


১. নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত ও প্রকাশিত চূড়ান্ত হালনাগাদ ভোটার তালিকায় প্রয়োজনে সংযোজন ও বিয়োজনের ক্ষমতা নির্বাচন কমিশন সংরক্ষণ করে।
২. স্নাতক (সম্মান) ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১, ২০২১-২০২২, ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীগণকে চূড়ান্ত হালনাগাদ ভোটার তালিকাটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে।
৩. স্নাতকোত্তর ২০২০-২০২১, ২০২১-২০২২, ২০২২-২০২৩ ও ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীগণকে চূড়ান্ত হালনাগাদ ভোটার তালিকাটিতে অন্তর্ভুক্ত করা হয়েছে।
৪. ক. জাকসু গঠনতন্ত্রে প্রদত্ত ক্ষমতাবলে জাকসু সভাপতি ও বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্যের সিদ্ধান্তের প্রেক্ষিতে, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে বর্তমানে অধ্যয়নরত এম.ফিল, পিএইচ.ডি, উইকেড ও ইভিনিং প্রোগ্রামের শিক্ষার্থী এবং বিভিন্ন ব্যাচের অনিয়মিত শিক্ষার্থীদের নাম জাকসুর ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হয়নি।  
খ. জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে বর্তমানে যে সকল শিক্ষার্থী স্নাতক (সম্মান) শ্রেণীতে ৬ (৪+২) বছর অথবা স্নাতকোত্তর শ্রেণীতে ২ (১+১) বছর অধ্যয়নরত রয়েছেন, শুধুমাত্র তাঁদের নাম জাকসু ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে।  
গ. যে সকল বিভাগে স্নাতক (সম্মান) কোর্সের মেয়াদ ৫ বছর হওয়ায় শিক্ষার্থীদের স্নাতক (সম্মান) শ্রেণীতে (৫+২) ৭ বছর যাবৎ অধ্যয়ন করার অনুমতি রয়েছে, সেসকল বিভাগের শিক্ষার্থীগণ ৭ বছর মেয়াদ পাবে।  
ঘ. ইনস্টিটিউট অব রিমোট সেনসিং এন্ড জিআইএস এর শিক্ষার্থীগণ বিশেষায়িত মাস্টার্সে অধ্যয়ন করায় তারা ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয়নি। এবং  
ঙ. যে সকল শিক্ষার্থী আইবিএ-জেইউতে নিয়মিত কোর্সে স্নাতক (সম্মান) শ্রেণীতে অধ্যয়ন না করেও মাস্টার্স (স্নাতকোত্তর) শ্রেণীতে অধ্যয়নরত তারা জাকসু নির্বাচন-২০২৫ এর ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হয়নি।
৫. প্রকাশিত চূড়ান্ত হালনাগাদ ভোটার তালিকায় কোনোরূপ অসঙ্গতি বা অসঙ্গতি পরিলক্ষিত হলে, নির্বাচনী তফসিল অনুসারে লিখিত আবেদনের প্রেক্ষিতে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

  
23.01.2025


অধ্যাপক ড. মো. মনিরুজ্জামান  
প্রধান নির্বাচন কমিশনার  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচন ২০২৫  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

  
23.01.2025


অধ্যাপক মোহাম্মদ মাফরুহী সাত্তার  
সদস্য  
ডীন (ভারপ্রাপ্ত), জীববিজ্ঞান অনুষদ  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

  
23.01.2025

অধ্যাপক ড. খোঃ লুৎফুল এলাহী  
সদস্য  
প্রভোস্ট, শহীদ তাজউদ্দীন আহমদ হল  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

  
23.01.2025

ড. রেজওয়ানা করিম স্লিধা  
সদস্য  
প্রভোস্ট, বেগম সুফিয়া কামাল হল  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

  
23.01.2025

অধ্যাপক ড. এ.কে.এম. রাশিদুল আলম  
প্রক্টর, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

ও

সদস্য-সচিব

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ নির্বাচন ২০২৫  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়